মেহেরপুরে প্রাণের সকল পণ্য ডেলিভারি বন্ধ ঘোষনা পরিবেশক সমিতির

জেলা পরিবেশক সমিতির সভায় প্রাণ বেভারেজ গ্রুপের কুষ্টিয়া অঞ্চলের টি.এস.এম আনিসুর রহমান খারাপ আচরণ করায় প্রাণ গ্রুপের সকল পণ্য ডেলিভারি বন্ধের ঘোষণা দিয়েছে পরিবেশক সমিতি।

আজ বুধবার মেহেরপুর জেলা পরিবেশক সমিতির কার্যালয়ে এক সভা শেষে এ সিদ্ধান্ত নেওয়া হয়। তারা জানায়, অভিযুক্ত টি.এস.এম এর উপযুক্ত বিচার না করা হলে ২৪ এপ্রিল থেকে মেহেরপুরে প্রাণের সকল পণ্য ডেলিভারি বন্ধ থাকবে। সভায় প্রাণ গ্রুপের বিভিন্ন গ্রুপের ডিলারবৃন্দরা সহমত পোষণ করে স্বাক্ষর করেন।

মেহেরপুর জেলা পরিবেশক সমিতির সভাপতি হাশেম আলীর সভাপতিত্বে সভায় আরএন টেডার্স এর স্বত্ত্বাধীকারী সদরুল ইসলাম নাহিদ, পরিবেশক সোমেল রানাসহ সমিতির সদস্য ও প্রাণ গ্রুপের পরিবেশকরা উপস্থিত ছিলেন।

জানা গেছে, প্রাণ বেভারেজ গ্রুপের কুষ্টিয়া অঞ্চলের টি.এস.এম আনিসুর রহমান আরএন ট্রেডার্স এর ছাড়পত্র ছাড়াই অন্যজনকে ডিলার নিয়োগ দিয়েছেন। তার প্রতিবাদে পরিবেশক সমিতি টি.এস.এম কে নিয়ে একটি সভায় মিলিত হন। সভা চলাকালীন টি.এস.এম আনিসুর রহমান পরিবেশক সমিতির সদস্যদের সাথে খারাপ আচরণ করেন বলে অভিযোগ করেছেন পরিবেশক সমিতির সদস্যরা।

তার প্রতিক্রিয়ায় ২৩ এপ্রিলের মধ্যে টি. এস. এম -এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করা হয় তবে ২৪ এপ্রিল থেকে প্রাণের সকল গ্রুপের পণ্য ডেলিভারি ও মালামাল আনলোডিং বন্ধের হুমকি দেন।

মুজিবনগরে বসত ভিটার জায়গা নিয়ে সংঘর্ষে আহত-৪

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ভবানীপুর গ্রামে বসতভিটার জায়গা নিয়ে আপন চাচা ভাতিজার সংঘর্ষে উভয়পক্ষের চারজন আহত হয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়, খাইরুল ইসলামের বাড়ির সামনে কথাকাটাকাটির একপর্যায়ে মৃত ইয়াসিন আলীর ছেলে মুখলেছুর রহমান হামলা চালায় বলে অভিযোগ রয়েছে । পরে দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে।

সংঘর্ষে ভবানীপুর গ্রামে মৃত চমৎকার মন্ডল এর ছেলে খায়রুল ইসলাম(
৬০) খায়রুল ইসলামের ছেলে সাব্বির হাসান (২০) এবং মৃত ইয়াসিন মন্ডলের ছেলে মুকলেসুর রহমান (৫২) এবং আরোজ আলীর ছেলে আশিক ইসলাম (২০) আহত হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসে। মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত ডাক্তার তাদের প্রাথমিক চিকিৎসা শেষে খায়রুল ইসলাম ও ছেলে সাব্বির হাসানের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদেরকে কুষ্টিয়া সরকারি মেডিকেল কলেজে রেফার্ড করেন। মোখলেসের পক্ষে আশিক মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি আছে।

সংঘর্ষের বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, বিষয়টি আমি শুনেছি ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল পরিস্থিতি এখন স্বাভাবিক রয়েছে। এখনো কোনো পক্ষ থানায় কোন অভিযোগ দায়ের করেনি অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনী উপজেলা নির্বাহী

অফিসারের বদলি বাতিলের দাবিতে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) প্রীতম সাহার অনাকাঙ্ক্ষিত বদলির প্রতিবাদে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেল সাড়ে চারটায় গাংনী উপজেলা পরিষদের সামনে সর্বস্তরের জনসাধারণ এ মানববন্ধনে অংশ নেন এবং ইউএনও প্রীতম সাহার বদলি আদেশ বাতিলের দাবি জানান।

বক্তারা বলেন, ইউএনও প্রীতম সাহা গাংনীর সাধারণ মানুষের পাশে থেকে নিরলসভাবে কাজ করেছেন। তিনি দারিদ্র্য ও অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছেন, এমনকি চলমান এসএসসি পরীক্ষার্থীদের বাসায় রাতের বেলায় গিয়ে তাদের খোঁজ নিয়েছেন। তাঁর নেতৃত্বে গাংনীতে বেশ কয়েকটি উন্নয়নমূলক কর্মকাণ্ড বাস্তবায়িত হয়েছে, যা এলাকাবাসীর কাছে প্রশংসিত হয়েছে।

মানববন্ধনে স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক, শিক্ষার্থী, ব্যবসায়ী ও সাধারণ জনগণ অংশগ্রহণ করেন। তাঁরা ইউএনও প্রীতম সাহার বদলি আদেশ দ্রুত বাতিলের দাবি জানান।

উল্লেখ্য, গতকাল সোমবার খুলনা বিভাগীয় কার্যালয়ের সিনিয়র সহকারী কমিশনার মো. পারভেজ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনের মাধ্যমে ইউএনও প্রীতম সাহাকে খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে বদলি করা হয়। একই প্রজ্ঞাপনে জানানো হয়, তাঁর স্থলাভিষিক্ত হবেন বিভাগীয় কার্যালয়ের সিনিয়র সহকারী কমিশনার আনোয়ার হোসেন।

মেহেরপুরে “অন্তর্ভুক্তিমূলক শিক্ষা, অংশীজনের প্রত্যাশা”

শীর্ষক মতবিনিময় সভা

মেহেরপুরে “অন্তর্ভুক্তিমূলক শিক্ষা, অংশীজনের প্রত্যাশা” বিষয়ক এক মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টায় জেলা ইসলামিক ফাউন্ডেশনের কনফারেন্স রুমে এই সভা অনুষ্ঠিত হয়। গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ সভার আয়োজন করে।

মউক-এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম।

এসময় তিনি বলেন, প্রত্যন্ত গ্রামের শিক্ষার্থীরা বিদ্যালয়ে ভর্তি হলেও অভিভাবকদের অসচেতনতার কারণে বিদ্যালয় থেকে ঝরে পড়ে, যার দীর্ঘমেয়াদী প্রভাব হিসেবে সরকারি পরিসংখ্যানে শিক্ষার হার তুলনামূলক কম দেখা যায়। তবে এখন কেন্দ্রীয় সরকার ও জেলা শিক্ষা প্রশাসনের কঠোর ও নিরবিচ্ছিন্ন তদারকিতে লক্ষ্যে পৌঁছানো সম্ভব হয়েছে। তিনি এ সময় শিক্ষার উন্নয়ন সহযোগী হিসেবে সরকারি ও বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোর কাজের ভূয়সী প্রশংসা করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা কর্মকর্তা মোঃ হযরত আলী, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ রুহুল আমিন এবং ইসলামিক ফাউন্ডেশন মেহেরপুর জেলার উপপরিচালক এ. জে. এম সিরাজুম মুনীর।

এসময় বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, শিক্ষক সমিতির জেলা সভাপতি নাজমুল হক টিনু, আজগর আলী মাস্টার ও আব্দুর রব।

এছাড়াও এসময় সরকারি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান ‘গণসাক্ষরতা অভিযান এর কর্মকর্তাসব সজিবুল ইসলাম ও সামসুন নাহার কলি উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয়ে সুবিধাবঞ্চিত ও পেছিয়ে পড়া জনগোষ্ঠীকে মূলধারায় শিক্ষিত করার লক্ষ্যে শিক্ষার্থীর ভর্তি বৃদ্ধি ও ঝরে পড়া শিক্ষার্থী হ্রাসে মউক

কমিউনিটি ভিত্তিক এপ্রোচ পদ্ধতিতে এগিয়ে যাচ্ছে, যার মধ্যে ডোর টু ডোর ক্যাম্পেইন অন্যতম।

এছাড়াও অনুষ্ঠানে এই কর্মসূচির প্রধান পৃষ্ঠপোষক গণসাক্ষরতা অভিযানের কর্মকর্তাবৃন্দ তাঁদের নিজস্ব প্রতিষ্ঠানের পক্ষ থেকে অন্তর্ভুক্তিমূলক প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যে পৌঁছাতে সংস্থার নিজস্ব উদ্যোগকে সাফল্যভিত্তিক কার্যক্রম হিসেবে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন।

এছাড়াও অনুষ্ঠানের মধ্যে এক মুক্ত আলোচনা সভায় উপস্থিত স্টেকহোল্ডারবৃন্দ মানসিকতার পরিবর্তন, মডেল মাদ্রাসা, মাদ্রাসা শিক্ষায় বৈষম্য, উপবৃত্তির অধিক বরাদ্দ, বিদ্যালয় শিক্ষকের স্বল্পতা, জেন্ডার বৈষম্য, পাঠ্যপুস্তক কারিকুলাম রচনায় যৌক্তিকতা এবং শিক্ষা প্রশাসনের তদারকির ধীরগতিসহ বিভিন্ন বিষয়ের চ্যালেঞ্জ ও সুপারিশসমূহ তুলে ধরেন।

অনুষ্ঠানে ছাত্র-ছাত্রী, সুশীল সমাজ ও বিভিন্ন শ্রেণি-পেশার ৬০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন মউক এর মানবাধিকার কর্মী সাদ আহম্মদ ও মোছাঃ কাজল রেখা।

মেহেরপুরে বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালিত

“স্নায়ু বৈচিত্রকে বরণ করি, টেকসই সমাজ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব অটিজম সচেতনতা দিবস।

দিবসটি উপলক্ষে আজ মঙ্গলবার সকাল সাড়ে ৯টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অটিজম সচেতনতা বিষয়ে একটি

আলোচনা সভার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলামসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

এছাড়াও সমাজসেবা কার্যালয়ের আওতাধীন বিভিন্ন প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা র্যালিতে অংশগ্রহণ করেন। জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয় যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে।

গাংনীতে ভূট্টাক্ষেত থেকে অজ্ঞাত ব্যক্তির অর্ধগলিত মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার গোপালনগর মাঠের ভুট্টা ক্ষেত থেকে অর্ধগলিত অজ্ঞাত ব্যক্তির মরদেহ উদ্ধার।

আজ মঙ্গলবার দুপুরে গোপালনগর মাঠের আব্দুল খালেকের ভূট্টা ক্ষেত থেকে মরদেহটি উদ্ধার করা হয়। মরদেহটি ক্ষত বিক্ষত অবস্থায় পুলিশ উদ্ধার করেছে। চেহারা দেখে সনাক্ত করা সম্ভব নয় বলে জানা গেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাত দিয়ে তিনি জানান, ভুট্টা ক্ষেতে মরদেহটি দেখে পুলিশকে খবর দেন স্থানীয়রা। পরে ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। সনাক্ত হলে ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

স্থানীয়রা জানান, সম্প্রতি এই স্থানে পল্লী বিদ্যুতের নির্মাণাধীন লাইনের কিছু তার চুরির ঘটনা ঘটেছে। তার চুরি করতে এসে দুর্ঘটনায় এই অজ্ঞাত ব্যক্তি মারা যেতে পারেন বলে ধারণা

করছেন স্থানীয়রা।

মেহেরপুরের কুতুবপুরে জামায়াতে ইসলামীর গণসংযোগ ও পথসভা

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের তেরঘরিয়া ও রুদ্রনগরে জামায়াতে ইসলামীর উদ্যোগে গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২১ এপ্রিল) বিকেল পাঁচটার দিকে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

পথসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজউদ্দিন খান। তিনি বলেন, “জামায়াতে ইসলামী ক্ষমতায় গেলে দেশের মানুষ শান্তি পাবে। গত ১৬ বছর আমরা নির্যাতনের শিকার হয়েছি। আমাদের কোনো শান্তি ছিল না। স্বৈরাচার হাসিনার আমলে আমাদের অনেক কষ্ট করতে হয়েছে। কোর্টের বারান্দায় যেতে যেতে আমাদের পায়ে আঘাত লেগেছে। আমার ভাইদের ওপর বিনা কারণে হামলা-মামলা হয়েছে। জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণের চেষ্টা করবে জামায়াতে ইসলামী। আমরা যদি নির্বাচিত হই, দেশে শান্তি ও শৃঙ্খলা ফিরে আসবে।”

পথসভায় সভাপতিত্ব করেন কুতুবপুর ইউনিয়ন জামায়াতে ইসলামীর সভাপতি ইমদাদুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা জামায়াতে ইসলামীর আমির সোহেল রানা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কুতুবপুর ইউনিয়ন জামায়াতে ইসলামীর সাধারণ সম্পাদক পারভেজ হোসাইন।

এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা জামায়াতে ইসলামীর সাধারণ সম্পাদক জাব্বারুল ইসলাম মাস্টার, ১ নম্বর ওয়ার্ড রুদ্রনগরের সভাপতি শেরেগুল ইসলাম ও সাধারণ সম্পাদক আব্দুল রকিব, যুব বিভাগের সভাপতি সাহিরুল ইসলাম, সাধারণ সম্পাদক রকিব আলী, কোষাধ্যক্ষ তোফাজ্জল, সদস্য খলিলুর রহমান, আজিজুল, জুলফিকারসহ স্থানীয় নেতাকর্মীরা।

গাংনীর কাজিপুর ইউনিয়ন বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

স্বচ্ছ ও নিরপেক্ষভাবে নিজ দলীয় নেতা নির্বাচন করলেন গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী। ভোটারদের সরাসরি ভোটে কাজিপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি নির্বাচিত হয়েছেন অবসরপ্রাপ্ত শিক্ষক সাহাবুদ্দিন ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন স্কুল শিক্ষক মাসুদ রানা।

আজ সোমবার দুপুরে হাড়াভাঙ্গা এইচ বি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আড়ম্বরপূর্ণ পরিবেশে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে কাজিপুর ইউনিয়নের ৯টি ওয়ার্ড কমিটির সদস্যদের সরাসরি ভোটে তারা নির্বাচিত হন। দ্বি-বার্ষিক সম্মেলনের পূর্বে আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

কাজিপুর ইউনিয়ন সম্মেলন প্রস্তুতি কমিটির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় বক্তব্য রাখেন জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মোহাম্মদ আব্দুল্লাহ, আব্দুল আওয়াল, আলফাজ উদ্দীন কালু।

এছাড়াও জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলীসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। জেলা যুবদলের সহ-সভাপতি আব্দাল হকের সঞ্চালনায় সম্মেলনে কাজিপুর ইউনিয়নের ৯ টি ওয়ার্ড কমিটির মোট ৪শ ৫৯ ভোটরের মধ্যে ৪শ ৩২ জন তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।

ভোট গ্রহণ শেষে সভাপতি পদে কাজিপুর গ্রামের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সাহাবুদ্দিন ২৬৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি নেতা বেতবাড়িয়া গ্রামের মঞ্জুরুল হক টকি পেয়েছেন ১৬৬ ভোট। অপরদিকে সাধারণ সম্পাদক পদে কাজিপুর গ্রামের মাসুদ রানা ২৭০ ভোট পেয়ে নির্বাচিত হন। তার নিকটতম

প্রতিদ্বন্দ্বী কাজিপুর গ্রামের শহিদুল ইসলাম পিন্টু পেয়েছেন ১৫৮ ভোট।

মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজে শিক্ষার্থীদের সংবর্ধনা ও পুরস্কার বিতরণ

কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ উপলক্ষে মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজে পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। আজ সোমবার সকাল ১১টার দিকে মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ মাঠে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ রেহানা ইয়াসমিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন, সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

অনুষ্ঠানে প্লে শ্রেণীর মেহেরিমা আফরিন (আইরা), আবরার শাহরিয়ার রাফাত, নার্সারী শ্রেণীর আবরার খন্দকার (বিত্ত), সাইনা খাতুন, প্রথম শ্রেণীর এস এম সমন্বয়, সঞ্চিতা পাত্র, দ্বিতীয় শ্রেণীর শাহরিয়ার আলম, সারা মেহজাবিন, তৃতীয় শ্রেণীর জিয়ানা আফরিন, জান্নাত বিনতে আনিস, চতুর্থ শ্রেণীর কাজী ইয়াসির, ফারিহা সুলতানা সহ কৃতি শিক্ষার্থীদের মাঝে সংবর্ধনা প্রদান করা হয়।

সহকারী শিক্ষক খন্দকার বদরুদ্দোজা এর সঞ্চালনায় এ সময় আরো উপস্থিত ছিলেন, সহকারী শিক্ষিকা সেলিনা আফরোজা, নাজমা আক্তার, বিথী খাতুন, শাহানা আক্তার, রওশন আরা, ফাতেমা খাতুন, শাহিনা আফরোজ সহ অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ।

মেহেরপুরে রিনিউয়েবল এনার্জি ফেস্ট উপলক্ষে সচেতনতামূলক র্যালি

রিনিউয়েবল এনার্জি ফেস্ট ২০২৫ উপলক্ষে মেহেরপুরে এক সচেতনতামূলক র্যালি অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২১ এপ্রিল) সকাল ১০টায় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে র্যালিটি শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা শিল্পকলা একাডেমিতে গিয়ে শেষ হয়।

সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে এবং একশনএইড বাংলাদেশ, বুয়েট ও জাস্ট এনার্জি ট্রানজিশন নেটওয়ার্ক বাংলাদেশ (জেটনেট-বিডি)-এর সহযোগিতায় এই র্যালির আয়োজন করা হয়।

র্যালিতে উপস্থিত ছিলেন মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও ক্যাব মেহেরপুর জেলা শাখার সভাপতি রফিক-উল-আলম, ক্যাবের সাধারণ সম্পাদক ও আরটিভির জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিক, সোসাইটি ফর দি প্রোমোশন অব হিউম্যান রাইটস (এসপিএইচআর)-এর নির্বাহী পরিচালক আবু আবিদ, পল্লী জন উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক গোলাম কিবরিয়া, ব্র্যাকের জেলা প্রতিনিধি মনিরুল ইসলাম, হেলফ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক দিলারা জাহান এবং অপাজিতা মেহেরপুর-এর নির্বাহী পরিচালক রেহেনা খাতুন।

র্যালিতে শতাধিক নাগরিক, নারী ও যুবা নেতৃবৃন্দ, পরিবেশকর্মী এবং সুশীল সমাজের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। তারা “সৌর-বায়ু শক্তিই ভবিষ্যৎ”, “জ্বালানি রূপান্তরে নারী-যুবার অংশগ্রহণ চাই” এবং “রিনিউয়েবল এনার্জি ফেস্ট ২০২৫ সফল হোক” এই ধরনের নানা স্লোগান লেখা প্ল্যাকার্ড ও ব্যানার বহন করেন।

র্যালি শেষে জেলা প্রশাসক কার্যালয় চত্বরে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। বক্তারা নবায়নযোগ্য জ্বালানির প্রযুক্তিগত

সম্ভাবনা, নীতিগত সংস্কার এবং সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার গুরুত্ব তুলে ধরেন।

সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলম বলেন, “জ্বালানি খাতের টেকসই রূপান্তর শুধু সরকারের পক্ষে সম্ভব নয়; এর জন্য সমাজের প্রতিটি স্তরের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন। এই র্যালি সেই প্রয়াসেরই সূচনা।”